

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৯৬

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যদি ना চাইতেই কাউকে এই নশ্বর দুনিয়ার কোন কিছু প্রদান করা হয়, তবে তা গ্রহণ করার নির্দেশ ذِكْلُ الْأَمْرِ بِأَخْذِ مَا أُعْطِيَ الْمَرْءُ مِنْ حُطَامٍ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ مَا لَمْ تَتَقَدَّمْهُ لَهَا مَسْأَلَةٌ

আরবী

3396 ـ أَخْبَرَنَا ابْنُ قُتُيْبَةَ قَالَ: حَدَّتَنَا يَزِيدُ بْنُ مَوْهَب قَالَ: حَدَّتَنِي اللَّيْثُ بْنُ سَعْد عَنِ بِنِ الْأَشَجِّ عَنْ بُسْرِ بْنِ سَعِيد عَنِ ابْنِ السَّاعِدِيِّ الْمَالِكِيِّ قَالَ: اسْتَعْمَلَنِي عُمَرُ بْنُ الْخَطَّابِ عَلَى الصَّدَقَةِ فَلَمَّا فَرَغْتُ مِنْهَا وَأَدَّيْتُهَا إِلَيْهِ أَمْرَ لِيَ بَعُمَالَةٍ فَقُلْتُ لَهُ: إِنَّمَا عَمِلْتُ لِلَّهِ وَأَجْرِي عَلَى اللَّهِ قَالَ: خُذْ مَا أُعْطِيتَ فَإِنِّي قَدْ قُلْتُ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ لِعَمَلِي مِثْلَ قَوْلِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِعَمَلِي مِثْلَ قَوْلِكَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا أَعطيتَ شَيْئًا مِنْ غير أَن تسأل فكل وتصدَّق) الراوي: ابْن السَّاعِدِيِّ الْمَالِكِيِّ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3396 اخلاصة حكم المحدث: صحيح: ق - انظر (1453).

বাংলা

৩৩৯৬. ইবনুস সাঈদী আল মালেকী থেকে বর্ণিত, তিনি বলেন, "উমার বিন খাত্তাব রাদ্বিয়াল্লাহু আনহু আমাকে সাদাকাহ উসূল করার জন্য নিযুক্ত করেন। অতঃপর যখন আমি দায়িত্ব পালন করি এবং তাঁকে তা আদায় করে দেই, তখন কিছু অনুদান দেওয়া নির্দেশ দেন। তখন আমি তাকে বললাম, "আমি তো এই কাজ আল্লাহর সন্তুষ্টির জন্য করেছি আর আমার প্রতিদান আল্লাহ দিবেন।" তখন তিনি বলেন, "তোমাকে যা প্রদান করা হয়েছে, তা তুমি গ্রহণ করো। কেননা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সময়ে আমার কাজের জন্য আমি তোমার মতোই বলেছিলাম। তখন আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন আপনাকে না চাইতে কোন কিছু প্রদান করা হবে, তখন আপনি তা নিজে খেতে এবং সাদাকাহ করতে পারবেন।"[1]

ফুটনোট



[1] মুসনাদ আহমাদ: ১/৫২; দারেমী: ১/৩৮৮; সহীহ মুসলিম: ১০৪৫; আবূ দাউদ: ১৬৪৭; নাসাঈ: ৫/১০২; সহীহ ইবনু খুয়াইমাহ: ২৩৬৪; সুনান বাইহাকী: ৭/১৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ২০০৪৬; হুমাইদী: ২১; সহীহুল বুখারী: ৭১৬৩; বাগাবী: ১৬২৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩৯৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন